

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৫)/২০২১-৯০৫

তারিখঃ ১৯ অক্টোবর ২০২১ খ্রিঃ

প্রবেশপত্র উত্তোলন/প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ২৫ অক্টোবর-২০২১ খ্রিঃ অনুষ্ঠিতব্য জুনিয়র মিডওয়াইফারি, কমিউনিটি প্যারামেডিক (সাপ্লিমেন্টারি), ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং, ডিপ্লোমা ইন রেনাল নার্সিং কোর্স সম্পন্নকারি (নিয়মিত/অনিয়মিত) শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষার প্রবেশপত্র কাউন্সিলের সফটওয়্যারে প্রবেশ করে ১৯-২৪ অক্টোবর ২০২১ খ্রিঃ প্রিন্ট করার জন্য স্ব-স্ব নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে।

প্রবেশপত্র প্রিন্ট করার নিয়মঃ

১. স্ব-স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ইনচার্জ/কোঅর্ডিনেটরগণ UserID ও Password ব্যবহার করে কাউন্সিলের সফটওয়্যার থেকে প্রবেশপত্র প্রিন্ট করতে পারবেন।
২. সফটওয়্যারে প্রবেশ করে Examination Management→ Apply Final Exam→ View Final Exam→ Action Button এর নিচে All Select (✓) → Action: Admit Card Print Select→Go: Click =Print.
৩. প্রতিটি প্রবেশপত্র পৃথক পাতায় ন্যূনতম ৮০ গ্রাম A-4 সাইজের সাদা অফসেট কাগজে রঙ্গিন প্রিন্ট করতে হবে।
৪. প্রবেশপত্র গুরুত্বপূর্ণ ডকুমেন্ট বিধায় তা রেজিস্টার বহিতে লিপিবদ্ধ করে পরীক্ষার পূর্বে পরীক্ষার্থীর নিকট স্বাক্ষর গ্রহণ করে বিতরণ করতে হবে। শিক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্র সংরক্ষণ করতে হবে।
৫. পরীক্ষার হলে শিক্ষার্থী নিবন্ধন (স্টুডেন্ট রেজিস্ট্রেশন কার্ড), অকৃতকার্য পরীক্ষার প্রবেশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বর্তমান পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি সঙ্গে রাখতে হবে এবং দায়িত্ব পালনকারিকে প্রদর্শন করতে হবে।
৬. পরীক্ষার্থীর প্রকৃত পরিচয় নিশ্চিত হওয়ার জন্য ইনভিজিলেটরগণ প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষর হাজিরা সিট এবং পরীক্ষার্থীর সম্মুখ চেহারার সাথে মিলিয়ে দেখতে হবে।
৭. পরীক্ষার পূর্বেই শিক্ষার্থীকে পরীক্ষার নিয়মাবলী/ নির্দেশাবলী অবহিত করতে হবে।
৮. প্রবেশপত্রের জন্য পৃথক কোন ফি নেই বিধায় এ বাবদ কোন অর্থ আদায় বা অনুরূপ কোন হয়রানি সম্পূর্ণ নিষেধ।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোনঃ ২২৩৩৮৪১৫৯

ই-মেইল: bnmc.examination@gmail.com

বিতরণঃ

অধ্যক্ষ/ইনচার্জ/কোঅর্ডিনেটর
নার্সিং কলেজ/ ইনস্টিটিউট/

.....
.....

অনুলিপিঃ

- (১) সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশসহ);
- (২) হিসাব শাখা, বিএনএমসি;
- (৩) জনাব/বেগম